



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
www.dme.gov.bd



স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২০-৩৪

তারিখ: ১২ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১

বিষয়: ২০১৯ সালে অনুষ্ঠিত ফায়িল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে রাজস্ব খাতভুক্ত বৃত্তি প্রদান প্রসঙ্গে।

২০১৯ সালে অনুষ্ঠিত ফায়িল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ: ০৪.০২.২০১৬ খ্রি. মোতাবেক রাজস্ব খাতভুক্ত বৃত্তির সংখ্যা/কোটা ও টাকার পরিমাণ পুনঃনির্ধারণ সংক্রান্ত আদেশের পরিপ্রেক্ষিতে নিম্নে উল্লিখিত শর্ত মোতাবেক এবং বর্ণিত সংখ্যা ও হারে বৃত্তি প্রদানের জন্য রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক	পরীক্ষার নাম	বৃত্তির প্রকার	সংখ্যা	মাসিক হার	বাৎসরিক এককালিন	বৃত্তির মেয়াদ
০১.	ফায়িল পরীক্ষা	মেধাবৃত্তি(ট্যালেন্টপুল)	৭৫	১০৫০/-	১৮০০/-	০২ বছর
		সাধারণ বৃত্তি	৩০০	৪৫০/-	৯০০/-	

➤ শিক্ষার্থীদের বৃত্তির টাকা G2P পদ্ধতিতে অনলাইনে EFT -এর মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে।

শর্তাবলী:

ক. এই বৃত্তির ব্যয় চলতি (২০২০-২০২১) অর্থ বছরের রাজস্ব বাজেটের, ১৬০০৩০১-১৩২৬৪৭-৩৮২১১১৭ বৃত্তি/মেধাবৃত্তি খাত হতে নির্বাহ করা হবে।

খ. ২০২০-২০২১ অর্থ বছরের বর্ণিত বৃত্তিগুলোর বরাদ্দ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ: ০৪.০২.২০১৬ খ্রি. সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী অনুসরণীয়।

গ. বৃত্তির গেজেটে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির বরাদ্দকৃত অর্থ G2P পদ্ধতিতে EFT -এর মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণের নিমিত্তে বাংলাদেশ ব্যাংকের তফসীলভুক্ত অনলাইন সুবিধা সম্পন্ন ব্যাংকে একাউন্ট খুলে হিসাব নম্বর ভর্তিকৃত প্রতিষ্ঠানে ৭(সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে জমা প্রদানের জন্য শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করতে হবে।

ঘ. প্রকাশিত বৃত্তির গেজেট আগামী ১১.০২.২০২১খ্রি. তারিখের মধ্যে প্রকাশ করতে হবে এবং উক্ত গেজেটের ০১ সেট (হার্ডকপি), মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে এবং প্রকাশিত বৃত্তি তালিকার সফটকপি শিক্ষার্থীদের রোল নং, রেজিস্ট্রেশন নং এবং বৃত্তির ধরণ (ট্যালেন্টপুল/সাধারণ) উল্লেখসহ MS Excel ফরমেটে অত্র অধিদপ্তরে dg@dme.gov.bd এবং ddfinancedme@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে।

রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
পশ্চিম ধানমন্ডি, ঢাকা।


25/10/2021

মোহাম্মদ শামসুজ্জামান

উপ-পরিচালক (অর্থ)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন: ৪১০৩০১৬৪

ddfinancedme@gmail.com

তারিখ: ১২ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১


স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২০-৩৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলপি প্রেরিত হলো:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

৩। উপ-পরিচালক(প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (*২০১৯ সালে অনুষ্ঠিত ফায়িল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে রাজস্ব খাতভুক্ত বৃত্তি প্রদান প্রসঙ্গে' শিরোনামে আদেশটি মাশিঅ'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)


25/10/2021

মোহাম্মদ শামসুজ্জামান

উপ-পরিচালক (অর্থ)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন: ৪১০৩০১৬৪